গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -১ অধিশাখা
www.sid.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গঠিত 'জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি'র ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (কক্ষ নং-১১০৪, ব্লক-এ)।
সভার তারিখ ও সময়: ২৭ জানুয়ারি ২০২০, সোমবার, দুপুর: ১২.০০ ঘটিকায়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মাহমুদা আকতার সভায় জানান যে, গত ১৬ জানুয়ারি, ২০২০ তারিখ বাস্তবায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাস্তবায়ন কমিটি কর্তৃক গঠিত বিভিন্ন উপকমিটির কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা করা হয় এবং কয়েকটি বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় যা অদ্যকার সভায় চূড়ান্তকরণ করা যেতে পারে।

০২। সভাপতি বাস্তবায়ন কমিটির কার্যক্রমের অগ্রগতি অদ্যকার সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানালে বাস্তবায়ন কমিটির কার্যক্রম সভায় উপস্থাপনের পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এর ওয়েব পোর্টালে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপন। | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) জানান যে, বাস্তবায়ন কমিটির সভায় জাতির পিতার দুর্লভ ছবি ও তথ্য সংগ্রহ করে ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করার এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনাপূর্বক পোর্টালটিকে অধিকতর পরিমার্জন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তাছাড়া SID ও BBS এর ওয়েব পোর্টালে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে এবং বর্তমানে তা অধিকতর সংশোধন ও পরিমার্জনের কাজ চলছে। আগামী ১৭ মার্চ ২০২০ খ্রি. তারিখে ওয়েব পোর্টালটি উন্মোচন করা সম্ভব হবে। | (০১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরের সাথে যোগাযোগ করে জাতির পিতার দুর্লভ ছবি সংগ্রহ করতে হবে।<br>(০২) ওয়েব পোর্টালে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে সন্নিবেশিত কন্টেন্টগুলো অধিকতর সংশোধন ও পরিমার্জন করে আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ ওয়েব পোর্টালে "বঙ্গবন্ধু কর্নার" উন্মোচনের জন্য প্রস্তুত থাকতে হবে। |
| ০২ | পরিসংখ্যান ভবনের ৪র্থ তলার উন্মুক্ত ছাদে "বঙ্গবন্ধু মেমোরিয়াল" স্থাপন | মহাপরিচালক, বিবিএস সভায় জানান যে, গত ২১ জানুয়ারি ২০২০ তারিখ পরিসংখ্যান ভবনে 'বঙ্গবন্ধু মেমোরিয়াল' স্থাপন সংক্রান্ত কাজের দরপত্র উন্মুক্ত করা হয়। দরপত্রে চাহিদা অনুযায়ী কাগজপত্র দাখিল না হওয়ায় পুনরায় টেন্ডার আহবান করা হয়েছে। আগামী ১১/০২/২০২০ তারিখ দরপত্রের চূড়ান্ত কার্যক্রম সম্পন্ন হবে। তাছাড়া বঙ্গবন্ধু মেমোরিয়ালের জন্য গঠিত নিম্নরূপ তদারকি কমিটি পূনরগঠন করা যেতে পারে:<br>১। জনাব মোঃ সাইফুল ইসলাম, | (০১) আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ উদ্বোধনের বিষয়টি খেয়াল রেখে যত দুত সম্ভব বঙ্গবন্ধু মেমোরিয়াল স্থাপনের কাজ বাস্তবায়ন করতে হবে।<br>(০২) বঙ্গবন্ধু মেমোরিয়ালের জন্য গঠিত তদারকি কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ......আহবায়ক।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো.........সদস্য।<br>৩। উপমহাপরিচালক, বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| | | অতিরিক্ত সচিব, আহবায়ক।<br>২। জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, সদস্য।<br>৩। জনাব ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক, সদস্য।<br>৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব, সদস্য।<br>৫। জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব, সদস্য-সচিব। | পরিসংখ্যান ব্যুরো..........সদস্য।<br>৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ...... সদস্য।<br>৫। জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ......সদস্য-সচিব। |
| ০৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে নির্মিত বিভিন্ন অডিও ভিজ্যুয়াল, উন্নয়ন কার্যক্রম ও পরিসংখ্যানের তথ্যাবলি প্রদর্শনের জন্য পরিসংখ্যান ভবনের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে স্থাপন। | উপকমিটির সদস্য সচিব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার সভায় জানান যে, ইতোমধ্যে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ডিজিটাল ডিসপ্লে স্থাপনের সিভিল ওয়ার্কের কাজ শুরু হবে। উদযাপন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২৯ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে কাজটি বাস্তবায়ন করা হবে। | (১) ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে ডিজিটাল ডিসপ্লে স্থাপনের সকল কাজ সম্পন্ন করতে হবে। |
| ০৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক তথ্য চিত্র নির্মাণ। | কমিটির আহবায়ক ড. মোঃ শাহাদাৎ হোসেন, পরিচালক (যুগ্ম সচিব) সভায় জানান যে, ইতোমধ্যে তথ্য চিত্রের জন্য ডকুমেন্টারীগুলোর ড্রাফট চূড়ান্ত করা হয়েছে।একটি খসড়া ধারাবিবরণী ইতোমধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে দেখানো হয়েছে। ডকুমেন্টারীতে কিছু শব্দ সংশোধন করে ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে ডকুমেন্টারীগুলো তৈরির কাজ শেষ হবে। | (১) প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করে ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে তথ্য চিত্র নিমার্ণ কাজ সম্পন্ন করতে হবে। |
| ০৫ | স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান মুদ্রণ | উপকমিটির সদস্য সচিব সভায় জানান যে, প্রস্তুতকৃত প্রকাশনা নিয়ে ইতোমধ্যে বিবিএস এর মহাপরিচালকের সভাপতিত্বে ০২ (দুই)টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপকমিটির পক্ষ থেকে প্রকাশনাটির খসড়া উপস্থাপন করা হয়। পরবর্তীতে খসড়াটিতে সংশোধন ও পরিমার্জনযোগ্য কোন তথ্য-উপাত্ত আছে কীনা তা যাচাইয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অদ্যকার সভায় স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান এর খসড়া যাচাই করে চূড়ান্ত করার জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া উপ-কমিটির সদস্য সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, তুলনামূলক পরিসংখ্যান এর খসড়া সভায় উপস্থাপন করেন।<br>উল্লেখ্য যে, এ কার্যক্রমটি বিশেষ কর্মসূচী | (১) স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান এর খসড়া যাচাই করে চূড়ান্ত করার জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো:<br>১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ........ আহবায়ক<br>২। মহাপরিচালক,বিবিএস......,সদস্য<br>৩। জনাব মোঃ নূরুল আলম, যুগ্মসচিব, ...... সদস্য<br>৪। জেসমিন আকতার,উপসচিব... সদস্য।<br>৫।মোঃরফিকুল ইসলাম, উপসচিব,সদস্য।<br>৬। মোসাঃ কামরুননাহার,উপসচিব .....সদস্য<br>৭।শেখ মুর্শিদুল ইসলাম,উপসচিব .....সদস্য।<br>৮। মু. ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার.. সদস্য<br>৯।মোঃ সাদ্দাম হোসেন খান, |

| | | | |
|---|---|---|---|
| | | (জাতীয়) হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। | উপপরিচালক, বিবিএস.....সদস্য<br>১০। মোঃ রফিকুল ইসলাম,যুগ্মপরিচালক, বিবিএস....সদস্য-সচিব।<br>(২) ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে খসড়া যাচাই করে চূড়ান্ত করতে হবে। |
| ০৬ | বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক পরিসংখ্যান বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠন এবং এ দুটি প্রতিষ্ঠানের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে ডকুমেন্টারি তৈরি | উপকমিটির সদস্য সচিব জনাব মোঃ সাদ্দাম হোসেন খাঁন সভায় জানান যে, 'স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থার তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুত উপকমিটি' কর্তৃক প্রণীত প্রকাশনাকে ভিত্তি ধরে এ ডকুমেন্টারিটি প্রস্তুতের কাজ চলছে। ইতোমধ্যে প্যানোরোমা ক্রিয়েটর'স-কে ডকুমেন্টারি তৈরির দায়িত্ব প্রদান করা হয়েছে। ডকুমেন্টারিটির একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। তিনি খসড়াটি সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, সর্বোচ্চ ১০(দশ) মিনিটের একটি মানসম্মত ডকুমেন্টারী প্রস্তুত করা হবে।<br>উল্লেখ্য যে, এ কার্যক্রমটি বিশেষ কর্মসূচী (জাতীয়) হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। | (১) সর্বোচ্চ ১০ (দশ) মিনিটের একটি ডকুমেন্টারী প্রস্তুত করতে হবে।<br>(২) ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে ডকুমেন্টারী প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে। |
| ০৭ | ০২ জানুয়ারি ২০২১ কে জনশুমারি ও গৃহগণনার রেফারেন্স তারিখ হিসেবে ধার্য করে শুমারি পরিচালনা। | কমিটির আহবায়ক জনাব জাহিদুল হক সরদার, পরিচালক (উপসচিব)সভায় জানান যে,ইতোমধ্যে জনশুমারি ও গৃহগণনার কাউন্টডাউন সফটওয়্যার তৈরি করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটি চূড়ান্তকরণের কাজ চলছে।তিনি সফ্‌টওয়্যারটি সভায় উপস্থাপন করেন। | (১) সফ্‌টওয়্যারটির কালার কম্বিনেশন ও ভাষা সংশোধন ও পরিমার্জন করে চূড়ান্ত করতে হবে।<br>(২) আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখ সফ্‌টওয়্যারটি উম্মোচন করার জন্য প্রস্তুত রাখতে হবে। |
| ০৮. | "মুজিব শতবর্ষ " এর লোগো ব্যবহার | "মুজিব শতবর্ষ " এর লোগো ব্যবহারের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করে সঠিক পরিমাপের ও সঠিক মানের লোগো ব্যবহারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) "মুজিব শতবর্ষ " এর লোগো ব্যবহারের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করে সঠিক পরিমাপের ও সঠিক মানের লোগো ব্যবহার করতে হবে। |
| ০৯. | বিবিধ | আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবে:<br>(ক) পরিসংখ্যান ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br>(খ) ভবনটি আলোক সজ্জায় সজ্জিতকরণ।<br>(গ) বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন।<br>(ঘ) আলোচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন এবং একই সময়ে মাননীয় মন্ত্রী | (১) ১৭ মার্চ ২০২০ তারিখের কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য এখন থেকে প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করা করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | কর্তৃক বঙ্গবন্ধু মেমোরিয়াল, 'জনশুমারি ও গৃহগণনার কাউন্ট-ডাউনের উদ্বোধন ও প্রকাশনার মোড়ক উন্মোচন।<br>(ঙ) বিকাল ৪.০০ ঘটিকায় কেন্দ্রীয় অনুষ্ঠান শুরু হবে বিধায় এর পূর্বেই SID ও BBS কর্তৃক গৃহীত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
২৮/০১/২০২০
(সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি

নং-৫২.০০.০০০০.০০৫.০৫.০৯৮.১৯.৭৪/(১১)

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬ / ২৮ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ড.কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৫ম তলা) ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০২। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (দৃ:আ: মোঃ ইসরাত হোসেন খান,যুগ্মসচিব, সমন্বয় শাখা)।
০৩। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।
০৫। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। জনাব.............................................................................................।
১১। অফিস কপি।

২৮/০১/২০২০
(মোঃ রফিকুল ইসলাম)
উপসচিব
ও
সদস্য সচিব
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি